

স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৩.৪৩.১৩৪.২০১৬- ২ ৬ ৪ ২

তারিখ: ২০/১১/২০২২ খ্রি.


বিষয়: সদ্য সরকারিকৃত সরকারি নজরুল কলেজ, ত্রিশাল, ময়মনসিংহ-এ শূন্যপদে ভারপ্রাপ্ত অধ্যক্ষ মনোনয়ন।

সূত্র: কলেজ স্মারক নং ১১৫(০২), তারিখ: ০১.০৮.২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আন্তীকরণ বিধিমালা, ২০১৮ এর আলোকে সদ্য জাতীয়করণকৃত সরকারি নজরুল কলেজ, ত্রিশাল, ময়মনসিংহ-এর ভারপ্রাপ্ত অধ্যক্ষের অবসরজনিত শূন্যপদে এবং অধ্যক্ষ/উপাধ্যক্ষের শূন্যপদে বিধি অনুযায়ী জ্যেষ্ঠতম শিক্ষক জনাব জয়নব রেখা, সহকারী অধ্যাপক (উদ্ভিদবিদ্যা, ইনডেক্স ৪০৯৩৬৪)-কে শর্তসাপেক্ষে সাময়িকভাবে আর্থিক ক্ষমতাসহ ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে মনোনয়ন প্রদান করা হলো।

- (ক) প্রশাসনিক পদ অধ্যক্ষ/উপাধ্যক্ষ পূরণ হওয়ার সাথে সাথে এ আদেশ স্বয়ংক্রিয়ভাবে বাতিল হবে।
(খ) উপজেলা নির্বাহী অফিসারের সাথে যৌথ স্বাক্ষরে আর্থিক বিষয়সহ অন্যান্য কার্যক্রম পরিচালনা করতে হবে।
(গ) দায়িত্বকালীন সময়ের আর্থিক বিষয়সহ সকল কাজে ভারপ্রাপ্ত অধ্যক্ষ দায়বদ্ধ থাকবেন।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


(মোঃ তারিকুল ইসলাম-১৫৫৫৭)
সহকারী পরিচালক (কলেজ-১)
ফোন: ৪১০৫০১১৭

অধ্যক্ষ
সরকারি নজরুল কলেজ
ত্রিশাল, ময়মনসিংহ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (কলেজ)
০২। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
০৩। উপপরিচালক (কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
০৪। উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ;
০৫। জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, -----
০৬। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
০৭। জনাব -----
০৮। সংরক্ষণ নথি/অফিস কপি/ওয়েব সাইটে প্রকাশের জন্য।